# ২০২৫
# বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

(Spl. Supple)

[CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) ‘আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস’ — কোন্ কবির জন্ম সম্পর্কে এ কথা বলা হয়েছে? তাঁর কাব্যের নাম কী ছিল?

খ) ‘কি পেখলুঁ নটবর গৌরকিশোর’— ‘পেখলুঁ’ শব্দের অর্থ কী? পদকার কে?

গ) ‘চর্যাপদের’ প্রকৃত নাম কী ছিল? চর্যাপদের মোট কতগুলি পদ আবিষ্কৃত হয়েছিল?

ঘ) চৈতন্য পূর্ববর্তী দু’জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

ঙ) মহাভারতের দু’জন অনুবাদকের নাম লেখো।

*[পরের পাতায়]*

চ) ‘মনসামঙ্গল’ কাব্যের আদি কবি কে? তাঁর রচিত কাব্যের নাম লেখো।

ছ) ‘মুকুন্দ চক্রবর্তী’ কোন্ সময়ের কবি? তাঁর নিবাস কোথায় ছিল?

জ) ‘রাধার কি হৈল অন্তরে ব্যথা’— পদকার কে? কোন্ পর্যায়ের পদ?

ঝ) ‘অক্ষর’ কাকে বলে? একটি উদাহরণ দাও।

ঞ) ‘শ্লেষ’ অলঙ্কার কাকে বলে? ‘শ্লেষ’ অলঙ্কার কয় প্রকার ও কী কী?

ট) ‘কাকু - বক্রোক্তি’ অলঙ্কার কাকে বলে? একটি উদাহরণ দাও।

ঠ) “এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূণ্য মন্দির মোর।”

—পদটি কোন্ পর্যায়ের পদ, কার লেখা? ‘ভাদর’ শব্দের অর্থ কী?

ড) ‘আমার শপতি লাগে’ পদটিতে কাকে, কে শপথ করাচ্ছেন?

ঢ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো। এটি মোট কটি অধ্যায়ে বিভক্ত?

ণ) ‘জীবে দয়া তব পরম ধর্ম, জীবে দয়া তব কই’— উদ্ধৃতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) ‘রাধার কি হৈল অন্তরে ব্যথা’ — পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো।

খ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো **দুটি**) :

পর্ব, যতি, মাত্রা।

ঙ) যে-কোনো **দুটি** অলঙ্কারের সংজ্ঞা ব্যাখ্যা ও উদাহরণ দাও :

অনুপ্রাস, শ্লেষ, উৎপ্রেক্ষা।

চ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) ভারতচন্দ্রের কবি প্রতিভার পরিচয় দাও।

খ) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।

গ) রামায়ণের অনুবাদকরূপে কবি কৃত্তিবাসের অবদান আলোচনা করো।

ঘ) ধর্মমঙ্গল কাব্যের কবি ঘনরাম চক্রবর্তীর কবি বৈশিষ্ট্য আলোচনা করো।